আজকের কাগজ

তারিখ 07 MAY 1994
পৃষ্ঠা ৮ কলাম ৩

152

## ১১ মে শিক্ষকদের গণ অনশন ও ১৪ মে প্রতিনিধি সভা

**কাগজ প্রতিবেদক :** আগামী ১১ মে ধর্মঘটী শিক্ষক-কর্মচারিরা রাজধানী ঢাকাসহ সারাদেশে প্রতীক গণ অনশন কর্মসূচি পালন করবে। ঢাকায় এ গণ অনশন হবে কেন্দ্রিয় শহীদ মিনারে। গতকাল শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সভায় আরো সিদ্ধান্ত নেয়া হয়েছে যে, সংগ্রাম পরিষদের নেতা বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক সাংস্কৃতিক সংগঠনগুলোর সঙ্গে মতবিনিময় করবে এবং ১৪ মে ঢাকায় প্রতিনিধি সভা করবে।